

আমার মোহাম্মদের নামের ধ্যান হৃদয়ে  
কাজী নজরুল ইসলাম

আমার মোহাম্মদের নামের ধ্যান হৃদয়ে যার রয়,  
খোদার সাথে হয়েছে তার গোপন পরিচয় ॥

ঐ নামে যে ডুবে আছে,  
নাই দুঃখ শোক তাহার কাছে,  
ঐ নামের প্রেমে দুনিয়াকে সে দেখে প্রেমময় ॥

যে খোশ নসিব গিয়াছে ঐ নামের স্নোতে ভেসে,  
জেনেছে সে কোরান হাদিস ফেকাহ এক নিমেষে ।

মোর নবীজী বর-মালা  
করেছে যার হৃদয় আলা,

বেহেশতের সে আশ রাখে না,  
তার নাই দোজখের ভয় ॥